গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পটুয়াখালী সদর।
www.sadar.patuakhali.gov.bd

স্মারক নম্বর- ০৫.১০.৭৮৯৫.০০২.১০.০৪৮.২৪- ১১৮

তারিখ : ১৫ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রি:

## "১৪৩১ বাংলা সনের হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি"

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পটুয়াখালী সদর উপজেলাধীন নিম্নবর্ণিত হাট-বাজারসমূহ ১৪৩১ বাংলা সনের (০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত) জন্য ইজারা প্রদানের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নির্ধারিত ফরমে সীলমোহরযুক্ত দরপত্র আহবান করা যাচ্ছে। নিম্নবর্ণিত তারিখসমূহে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়সহ জেলা প্রশাসকের কার্যালয়, পটুয়াখালী, উপজেলা ভূমি অফিস, পটুয়াখালী সদর, পটুয়াখালী সদর থানা, পটুয়াখালী, সোনালী ব্যাংক লিঃ, নিউ টাউন শাখায় অফেরতযোগ্য নির্ধারিত মূল্যের বিনিময়ে দরপত্র সিডিউল পাওয়া যাবে। যে কোন তফসিলভুক্ত ব্যাংক হতে দরপত্র দাতা কর্তৃক উদ্ধৃত দরের ৩০% অর্থ ব্যাংক ড্রাফট/ পে-অর্ডারের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, পটুয়াখালী সদর এর অনুকূলে দরপত্রের সাথে সংযোজন করে নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়সহ উল্লিখিত কার্যালয়ে রক্ষিত টেন্ডার বাক্সে সিলগালাযুক্ত খামে দরপত্র দাখিল করা যাবে এবং দরপত্র দাতাগণের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) নির্ধারিত সময়ে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে খোলা হবে। সঠিক দরপত্র দাতা হিসেবে গণ্য হলে অনুমোদিত তারিখে উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। হাট-বাজার ইজারা সম্পন্ন না হওয়া পর্যন্ত নিম্নবর্ণিত সূচি মোতাবেক কার্যক্রম চলতে থাকবে।

### ১৪৩১ বাংলা সনের ইজারাযোগ্য হাট-বাজারের সরকারি মূল্য

| ক্রমিক নম্বর | হাট-বাজারের নাম | ইউনিয়নের নাম | ১৪৩১ বাংলা সনের সরকারি মূল্য (টাকা) | সিডিউলের মূল্য (টাকা) |
|---|---|---|---|---|
| ০১ | মৌকরণ হাট (গো- হাটসহ) | মৌকরণ | ৪০৬৪৬৯৫ | ৮৮০০ |
| ০২ | লাউকাঠী বাজার | লাউকাঠী | ৫৩০০০ | ৫০০ |
| ০৩ | শ্রীরামপুর হাট | মৌকরণ | ১৬২৫৩৫ | ১০০০ |
| ০৪ | শ্রীরামপুর কলের হাট | লাউকাঠী | ৫৮১৪ | ৫০০ |
| ০৫ | পুকুরজানা হাট | ইটবাড়িয়া | ৭১৮৩৭৭ | ৪০০০ |
| ০৬ | খেজুরতলা বাজার | ইটবাড়িয়া | ১০৮১২ | ৫০০ |
| ০৭ | বানিয়াকাঠী বাজার | ইটবাড়িয়া | ১১৭৩২ | ৫০০ |
| ০৮ | প্রতাপপুর হাট | লোহালিয়া | ২২০৮৫ | ৫০০ |
| ০৯ | পালের হাট | লোহালিয়া | ৮৬৬১৩ | ৫০০ |
| ১০ | ধরান্দি হাট | কমলাপুর | ৩০৪২৫৯ | ১৪০০ |
| ১১ | সেহাকাঠী হাট | জৈনকাঠী | ৬৩৯৫৫ | ৫০০ |
| ১২ | বোতলবুনিয়ার হাট | মাদারবুনিয়া | ৩২২২০৩ | ১৪০০ |
| ১৩ | হাজীখালি হাট (গো-হাটসহ) | মাদারবুনিয়া | ৫৩৭৮৮১ | ১৮০০ |
| ১৪ | নন্দিপাড়া শাহজাহান মিয়ার ব্রিজের হাট | মাদারবুনিয়া | ৪৬০০৪ | ৫০০ |
| ১৫ | খাসের হাট (গো-হাটসহ) | মরিচবুনিয়া | ১৪৫৬৪৯৯ | ৩৬০০ |
| ১৬ | পাটুখালী সিএন্ডবি হাট(গো-হাটসহ) | মরিচবুনিয়া | ১০০৪৯৯৮ | ২৮০০ |
| ১৭ | আউলিয়াপুর অফিসের হাট (গো-হাটসহ) | আউলিয়াপুর | ২৮৬১৫২ | ১২০০ |
| ১৮ | পূর্ব আউলিয়াপুর হাট | আউলিয়াপুর | ৫৪৪৮৯ | ৫০০ |
| ১৯ | আসামির হাট | আউলিয়াপুর | ১১২৪ | ৫০০ |
| ২০ | খাটাশিয়া হাট (গো-হাট ব্যতিত) | বড়বিঘাই | ৮০৬৩৬৬ | ২৪০০ |
| ২১ | বিঘাই গো-হাট( সাবেক খাটাশিয়া হাট) | বড়বিঘাই | ৩৬৬০৯০ | ১৪০০ |
| ২২ | বড়বিঘাই অফিসের হাট | বড়বিঘাই | ১২২৭৮৫ | ১০০০ |
| ২৩ | মধ্য তিতকাটা হাট | বড়বিঘাই | ৪৯৮২ | ৫০০ |
| ২৪ | তিতকাটা পুলের হাট | বড়বিঘাই | ৩৪৬৪ | ৫০০ |

### হাট-বাজার ইজারা দরপত্রের ক্যালেন্ডার

| বিজ্ঞপ্তি | দরপত্র বিক্রয়ের তারিখ | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|
| ১ম দরপত্র | ০৬ ফাল্গুন ১৪৩০ হতে ১৬ ফাল্গুন ১৪৩০<br>১৯.০২.২০২৪ খ্রি. হতে ২৯.০২.২০২৪ খ্রি. | ১৯ ফাল্গুন ১৪৩০<br>০৩.০৩.২০২৪ খ্রি.<br>সকাল ৯.৩০ টা হতে বেলা ১২.৩০টা পর্যন্ত | ১৯ ফাল্গুন ১৪৩০<br>০৩.০৩.২০২৪ খ্রি.<br>বিকাল ৩.০০ টায়। |
| ২য় দরপত্র | ৩০ ফাল্গুন ১৪৩০ হতে ০৭ চৈত্র ১৪৩০<br>১৪.০৩.২০২৪ খ্রি. হতে ২১.০৩.২০২৪ খ্রি. | ১০ চৈত্র ১৪৩০<br>২৪.০৩.২০২৪ খ্রি.<br>সকাল ৯.৩০ টা হতে বেলা ১২.৩০টা পর্যন্ত | ১০ চৈত্র ১৪৩০<br>২৪.০৩.২০২৪ খ্রি.<br>বিকাল ৩.০০ টায়। |
| ৩য় দরপত্র | ১৪ চৈত্র ১৪৩০ হতে ২০ চৈত্র ১৪৩০<br>২৮.০৩.২০২৪ খ্রি. হতে ০৩.০৪.২০২৪ খ্রি. | ২১ চৈত্র ১৪৩০<br>০৪.০৪.২০২৪ খ্রি.<br>সকাল ৯.৩০ টা হতে বেলা ১২.৩০টা পর্যন্ত | ২১ চৈত্র ১৪৩০<br>০৪.০৪.২০২৪ খ্রি.<br>বিকাল ৩.০০ টায়। |

চলমান পাতা-০২

## : ১৪৩১ বাংলা সনের হাট-বাজার ইজারার শর্তাবলী :

০১. ১৪৩১ বাংলা সনের ১ লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১ (এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেওয়া হবে।

০২. দরপত্রদাতাকে দরপত্রের সহিত উল্লিখিত দরের ৩০% ( শতকরা ত্রিশ ভাগ ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, পটুয়াখালী সদর এর অনুকূলে জমা দিতে হবে। এর অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিস্কার না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারী বরাবর প্রত্যার্পণ করা হবে ।

০৩. যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭(সাত) কার্য দিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ এবং মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে, অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুণরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৪. প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের মূল্যের কম হয় তা হলে পুনরায় দরপত্র আহ্বান করা হবে।

০৫. এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা যাবে না।

০৬. খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও হাট-বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৭. সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

০৮. প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

০৯. ইজারাদার কোন ক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারবেন না।

১০. ইজারাদার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ ) পরিশোধের ০৩(তিন ) কার্য দিবসের মধ্যে ৩০০/- টাকার নন- জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১. দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২. ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিস্কার পরিচ্ছন্ন রাখবেন।

১৩. ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৪. কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫. নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজারের ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দাখিলকৃত সময়ে হারাহারিভাবে ইজারা অর্থ কর্তনপূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬. হাট-বাজারের ইজারার অনাদায়ী টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭. চুক্তিপত্রের যে কোন শর্ত লঙ্ঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।

১৮. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৫.০২.২৪

ডা. সঞ্জীব দাশ
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা হাট-বাজার ও খেয়াঘাট ব্যবস্থাপনা কমিটি
পটুয়াখালী সদর, পটুয়াখালী।
মোবাইল: ০১৭৩৩-৩৩৪১৪৩
e-mail: unopatuakhali@mopa.gov.bd

১৫/২/২৪

স্মারক নম্বর- ০৫.১০.৭৮৯৫.০০২.১০.০৪৮.২৪- ১১৮ তারিখ : ১৫ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রি.

সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। জনাব রুহুল আমিন হাওলাদার, মাননীয় সংসদ সদস্য, ১১১ পটুয়াখালী-১।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, পটুয়াখালী।
৪। পুলিশ সুপার, পটুয়াখালী।
৫। সিভিল সার্জন, পটুয়াখালী।
৬। মেয়র, পটুয়াখালী পৌরসভা, পটুয়াখালী
৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পটুয়াখালী সদর, পটুয়াখালী।
৮। উপজেলা নির্বাহী অফিসার, বাউফল, দশমিনা, দুমকি, মির্জাগঞ্জ, কলাপাড়া, গলাচিপা, রাঙ্গাবালী পটুয়াখালী।
৯। সহকারী কমিশনার (ভূমি), পটুয়াখালী সদর, পটুয়াখালী।
১০। সাবরেজিস্ট্রার, পটুয়াখালী সদর, পটুয়াখালী।
১১। অফিসার ইনচার্জ, পটুয়াখালী সদর থানা, পটুয়াখালী। (দরপত্র দাখিলের দিন সকাল ৯.৩০ টায় প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।)
১২। পোস্ট মাস্টার, পটুয়াখালী প্রধান ডাকঘর, পটুয়াখালী।
১৩। চেয়ারম্যান, ................................ ইউনিয়ন পরিষদ, পটুয়াখালী সদর, পটুয়াখালী (সকল)। (বিজ্ঞপ্তিটি তাঁর ইউনিয়নের হাট-বাজারে মাইকের মাধ্যমে ব্যাপক প্রচারের অনুরোধ করা হলো)।
১৪। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ............................ ইউনিয়ন ভূমি অফিস, পটুয়াখালী সদর (সকল)। (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা নিশ্চিত করতে অনুরোধ করা হলো)।
১৫। বিজ্ঞাপন ব্যবস্থাপক, ..........................................................................................................................
(উক্ত বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় ১(এক) দিনের জন্য ভিতরের পাতায় প্রকাশের অনুরোধ করা হলো)।
১৬। বিজ্ঞাপন ব্যবস্থাপক, ..........................................................................................................................
(উক্ত বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় ১(এক) দিনের জন্য ভিতরের পাতায় প্রকাশের অনুরোধ করা হলো)।
১৭। অফিস কপি।

১৫.০২.২৪

ডা. সঞ্জীব দাশ
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা হাট-বাজার ও খেয়াঘাট ব্যবস্থাপনা কমিটি
পটুয়াখালী সদর, পটুয়াখালী।
মোবাইল: ০১৭৩৩-৩৩৪১৪৩
e-mail: unopatuakhali@mopa.gov.bd

১৫/২/২৪